

উপজেলা পরিক্রম

ফরিদগঞ্জ

।। এ, এইচ, এম, ইউসুফ চৌধুরী ।।

ফরিদগঞ্জ উপজেলা, চাঁদপুর জেলার উপজেলায় কৃষক সমবায় সমিতি ৮টি উপজেলার ১টি। ফরিদগঞ্জ উপজেলা চাঁদপুর জেলা শহর হতে ১৬ কিলোমিটার দক্ষিণ পূর্বে অবস্থিত। ফরিদগঞ্জ উপজেলার উত্তরে চাঁদপুর জেলা ও হাজিগঞ্জ উপজেলা, দক্ষিণে লক্ষ্মীপুর জেলা, পূর্বে লক্ষ্মীপুর জেলা ও হাজিগঞ্জ উপজেলা এবং পশ্চিমে চাঁদপুর ও হাইমচর উপজেলা অবস্থিত।

ফরিদগঞ্জ উপজেলার আয়তন ৯১ বর্গ মাইল। ইউনিয়নের সংখ্যা ১৬টি। মৌজার সংখ্যা ১৭৭ টি। গ্রামের সংখ্যা ১৭৫ টি। ১৯৮১ সালের আদমশুমারী অনুযায়ী এ উপজেলার লোকসংখ্যা ৩,১১,৭৩৩ জন। এদের মধ্যে পুরুষ ১,৫৩,৭৯৫ জন ও মহিলা ১,৫৭,৯৩৮ জন। সমগ্র উপজেলা ঘন বসতিপূর্ণ এবং প্রতি বর্গমাইলে প্রায় ৩৪২৬ জন লোক বসবাস করে।

ধর্মীয় প্রকারভেদে জনসংখ্যা মুসলমান ২,৯২,৫৭৩ জন। হিন্দু ১৯,০০৩ জন। খৃষ্টান ৬৬ জন। বৌদ্ধ ও অন্যান্য ৯১ জন। উপজেলার পেশাভিত্তিক জনসংখ্যা কৃষিপরিবারের সংখ্যা ৪২,১১৫ টি। মৎস্যজীবী ৮৬৯ টি। মিস্ত্রী (সুত্রধর) ২৫৫ টি, অন্যান্য ১২,৫৮৪ টি। সর্বমোট ৫৫,৮২৩ টি।

কৃষি

ফরিদগঞ্জ উপজেলার সর্বমোট জমির পরিমাণ ৫৮,২৪,০০০ একর। আবাদী জমির পরিমাণ ৪৩,৬৮,০৪০ একর। চাঁদপুর সেচ প্রকল্পের ভিতর ৩৭,৩২৪,০০ একর। সেচ প্রকল্পের বাইরে ৬,৩৫,৬০০ একর। চাঁদপুর সেচ প্রকল্পের ভিতরে ১ ফসলী জমি ১,৩২,০০০ একর ২ ফসলী জমি ২০,৫৩০,০০ একর। ৩ ফসলী জমি ১৫,৪৭,৪০০ একর। চাঁদপুর সেচপ্রকল্পের বাইরে ১ ফসলী জমি ৭১,০০০ একর। ২ ফসলী জমি ৪,২৩,০০০ একর। ৩ ফসলী জমি ১,৪১,৬০০ একর। উপজেলার কৃষিজাত ফসল ধান, পাট, গম, আখ, আলু, সরিষা ও শাক-সবজি। আম, জাম, কাঠাল নারিকেল, সুপারী, তাল, পেয়ারা, লিচু ইত্যাদি প্রধান ফল।

উপজেলায় সেচ প্রকল্পাধীন পাম্পের সংখ্যা ৫৩৫টি, সেচ প্রকল্পের বাইরে ৪৬টি। পাম্প দ্বারা সেচকৃত জমির পরিমাণ ২১,১১০,০০ একর। দেশী পদ্ধতিতে সেচকৃত জমির পরিমাণ ৪,৫৩,৭০০ একর।

সমাজসেবা ও সমবায়

উপজেলায় কৃষক সমবায় সমিতি ২৮২টি, বিত্তহীন ১৪, মহিলা সমিতি ১২টি, নিবন্ধীকৃত ক্লাব ৩৩টি, নিবন্ধীকৃত বেসরকারী প্রতিমখানা ১টি, গণ মিলনায়তন ও প্রশিক্ষণ কেন্দ্র ১টি।

উপজেলা পরিষদের আওতাধীন টাইপ রাইটিং প্রশিক্ষণ কেন্দ্র ১টি। সামাজিক কার্যক্রমে বয়স্ক শিক্ষা কেন্দ্র ৩টি। মাতৃ কেন্দ্র ৩টি। যুব কেন্দ্র ৩টি। শিশু কেন্দ্র ৩টি। সমবায় সমিতি ২৮টি।

শিক্ষা

শিক্ষা ব্যবস্থায় ফরিদগঞ্জ উপজেলা মোটামুটিভাবে উন্নতির পথে। ফরিদগঞ্জ উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে বেসরকারী ১টি আলিয়া মাদ্রাসা, ১টি ডিগ্রী কলেজ, ১৮টি সিনিয়র মাদ্রাসা, ১০টি জুনিয়র মাদ্রাসা, ৩৬টি উচ্চ বিদ্যালয় ২টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ১৩৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ২৪টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ও প্রায় ৪০টি এবতেদায়ী (প্রাইমারী) মাদ্রাসা।

এ উপজেলায় ফ্যাসিলিটিও ডিপার্টমেন্টের আওতাধীন ১৯৮৪-৮৫ ও ১৯৮৫-৮৬ অর্থবছরের শিক্ষা ভবন উন্নয়ন ও নির্মাণমূলক কাজের বরাদ্দকৃত মোট ৬৪,২৫,৩৩০,৫০ টাকার কাজ চলছে।

শিল্প

ফরিদগঞ্জ উপজেলায় শিল্প কারখানার মধ্যে রয়েছে বেশকিছু রাইস মিল, আইসক্রিম ফ্যাক্টরী, করাত কল, তেলের মিল, আটার কল, ইটখোলা ইত্যাদি। এছাড়াও নানা ধরনের ছোট-খাট মিল ফ্যাক্টরী আছে। এখানে কিছু মানুষের কর্মসংস্থান হয়।

সমস্যা

ছায়া ঢাকা শান্ত শিল্প প্রাকৃতিক সৌন্দর্যে ভরা ঐতিহ্যময় উপজেলা ফরিদগঞ্জ নানা সমস্যায় জর্জরিত। এখানকার যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত অনুন্নত। ৪২০ মাইল রাস্তা বিভিন্ন ইউনিয়ন পরিষদ ও জেলা সদরের সংগে যোগাযোগ রক্ষা করছে। বাস ও রেল যোগাযোগের কোন ব্যবস্থা নেই। নদীতে কচুরীপানার জমাটবাধা বাধে পরিণত হওয়ায় নৌ-যোগাযোগ প্রায় বিচ্ছিন্ন। উপজেলা কার্যালয়ের পাশ দিয়ে বিশ্বরোড রাইপুর, ফরিদগঞ্জ, চাঁদপুর রাস্তা নামে খ্যাত তা কাজ বন্ধ।